দৈনিক সংবাদ

তারিখ ..03 NOV 1989
পৃষ্ঠা... ৫ .....কলাম ..৩ ...

09

## নরসিংদীর প্রাথমিক শিক্ষা

# প্রয়োজনীয় শিক্ষক নেই ।। আসবাবপত্রের সংকট ।। ছাত্র সংখ্যা হ্রাস পাচ্ছে

নরসিংদী ১লা নভেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।-নরসিংদী জেলার প্রাথমিক শিক্ষাব্যবস্থা বর্তমানে চরম সংকটের সম্মুখীন। প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাব, আসবাবপত্রের অপ্রতুলতা, অধিকাংশ বিদ্যালয় গৃহের জরাজীর্ণ অবস্থার কারণে জেলার প্রাথমিক শিক্ষা নানাভাবে ব্যাহত হচ্ছে। এ ছাড়া বই খাতা কালি কাগজ কলমসহ শিক্ষা উপকরণের অতিরিক্ত মূল্যবৃদ্ধি, অভিভাবকদের আর্থিক সংকটের দরুন জেলার বিদ্যালয়গুলো হতে দিনের পর দিন প্রাথমিক ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে।

জেলার ৬টি উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫৭৭টি। প্রধান শিক্ষকের ৫৩টি শূন্য পদ ছাড়াও ৫২টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে দীর্ঘদিন যাবৎ। রায়পুরা উপজেলায়ই শূন্য পদের সংখ্যা সবচেয়ে বেশী।

শিক্ষকের সংকট ছাড়াও জেলার বেশীর ভাগ বিদ্যালয়েরই গৃহসমস্যা প্রকট। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সবগুলোতে এখনো পাকা ভবন গড়ে ওঠেনি। বহু সরকারী বিদ্যালয়ের ছাদ বা টিনের চালা চুইয়ে পানি পড়ে। দরজা-জানালা এবং বেড়া ভাঙ্গা। সদর উপজেলার বাগহাটা ২ নং সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং বালাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গাছতলায় বসে ক্লাস করে বিদ্যালয় দু'টোর মূল ভবন ধ্বংসের কারণে।

অপরদিকে অধিকাংশ বিদ্যালয়ে বেঞ্চ; চেয়ার, টেবিল, ব্ল্যাক বোর্ড ও অন্যান্য আসবাবপত্রের খুব অভাব। বেঞ্চের অভাবে ছাত্র-ছাত্রীকে মেঝেতে পাটি বা চট বিছিয়ে ক্লাস করতে হয়। শিক্ষকরা চেয়ারের অভাবে দাঁড়িয়ে ক্লাস নেন। বিদ্যালয়গুলোতে খাবার পানির তীব্র অভাব। অধিকাংশ বিদ্যালয়ে নলকূপ নেই। এছাড়া অধি-

(২-এর পাতায় দেখুন)

### নরসিংদীর প্রাথমিক শিক্ষা

(৫-এর পাতার পর)

কাংশ বিদ্যালয়ে পায়খানা-প্রস্রাবখানারও কোন ব্যবস্থা নেই, ফলে ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের ভোগান্তির শেষ নেই।

জেলায় স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা হচ্ছে দু' লাখ বিয়াল্লিশ হাজার নয় শ' বাহাত্তর। স্কুলে যায় এক লাখ আটাশ হাজার আট শ' আটানব্বই।